# বাল্য-বিবাহ নিষিদ্ধকরণ আইন,২০০৬

## এই আইন কি বলে

ক) ছেলের বিয়ে দেওয়ার সঠিক বয়স ২১ বছর
খ) মেয়ের বিয়ে দেওয়ার সঠিক বয়স ১৮ বছর
গ) এই বয়সের নীচে বিয়ে দেওয়া অপরাধ
ঘ) ছেলে বা মেয়ে একজনও যদি কমবয়সী হয়, সেই বিয়েও অপরাধ

## এই আইনে কারা দোষী?

ক) ২১ বছর বা তার বেশী বয়সী ছেলে যিনি ১৮ বছরের কমবয়সী কোন মেয়েকে বিয়ে করেছেন
খ) পাত্র পাত্রীর বাবা, মা যদি অল্প বয়সে তাদের ছেলে বা মেয়ের বিয়ের অনুমতি দেন বা বিয়ের আয়োজন করেন বা বিয়ে বন্ধ করতে ব্যর্থ হন
গ) অন্য কেউ যদি কমবয়সী ছেলে বা মেয়ের মধ্যে বিয়ের তদারকি করেন বা কোনরকম দায়িত্ব পালন করেন বা বিয়ের আয়োজন করেন
ঘ) যে কোনও মানুষ যিনি কমবয়সে কোন ছেলে বা মেয়ের বিয়ে হচ্ছে জেনেও সেই বিয়ে বন্ধ করতে ব্যর্থ হন

## কোথায় অভিযোগ জানাতে পারেন?

জেলা সমাজ-কল্যাণ দপ্তরে বাল্যবিবাহ-নিষিদ্ধকরণ আধিকারিকের কাছে বা সরাসরি ফৌজদারি আদালতে।

## কে অভিযোগ জানাতে পারেন?

এমন কোন ব্যক্তি যিনি কমবয়সী ছেলে মেয়ের মধ্যে বিয়ে হয়েছে বা হবে এরকম ঘটনা জানেন।

## অভিযোগ জানালে কি হবে?

বাল্যবিবাহ-নিষিদ্ধকরণ আধিকারিক অথবা অন্য কোন অভিযোগকারীর অভিযোগের ভিত্তিতে ফৌজদারি আদালতের নির্দেশে কমবয়সী ছেলে বা মেয়ের বিয়ে বন্ধ হতে পারে।

## আপনার ভূমিকা কি হতে পারে

ক) এই ধরনের বিয়েতে প্রশ্রয় না দেওয়া
খ) এই ধরনের বিয়েতে অংশগ্রহণ না করা
গ) এই ধরনের বিয়ের ঘটনা জানতে পারলে তা এড়িয়ে না চলা এবং অবশ্যই নিষিদ্ধকরণ আধিকারিকের কাছে জানানো
ঘ) এই ধরনের বিয়ের ঘটনা জানতে পারলে আদালতে গিয়ে বিয়ে বন্ধ করার আবেদন করা
ঙ) আইন অনুযায়ী বিয়ে নথিভুক্ত করার উপর জোর দেওয়া



## আসুন আমরা একসাথে এই প্রথার বিরোধিতা করি




মহিলা ও শিশুবিকাশ
এবং সমাজকল্যাণ দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার

unicef
unite for children